



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

E-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 0921-63427

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

কলেজ কোড

EIIN : 114743

ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫

জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

তারিখ: ২২/১০/২০১৯ খ্রি.

## বিজ্ঞপ্তি


কুমুদিনী সরকারি কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্রীদের জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিতে মন্ত্রীপরিষদ বিভাগের তত্ত্বাবধানে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলদ্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ২৮/১০/২০১৯ তারিখে সকাল ১০:০০ টায় ৪০৩ নং কক্ষে উপস্থিত থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বলা হলো:

প্রতিযোগিতার বিষয়সমূহ	
একক	দলগত
বিজয় ফুল তৈরি	দেশাত্মবোধক সংগীত
গল্প রচনা	জাতীয় সংগীত
কবিতা রচনা	
কবিতা আবৃত্তি	
চিত্রাঙ্কন	
একক অভিনয়	
চলচ্চিত্র নির্মাণ	
ক্যামেরা/মোবাইল ফোনে (সর্বনিম্ন ১ মিনিট থেকে সর্বোচ্চ ৩ মিনিট)	

বিজয় ফুল তৈরির জন্য রঙিন কাগজ, রঙিন কাপড়, সিনথেটিক, ককশিট ইত্যাদি কলেজ কর্তৃক সরবরাহ করা হবে। ৭ টি পাঁপড়ি, সবুজ জমিনে সাদা রং এর মেটেরিয়ালে বিজয় ফুল তৈরি করতে হবে। ফুলের দৈর্ঘ্য হবে ৬ সে.মি. এবং প্রস্থ হবে দৈর্ঘ্যের আনুপাতিক হারে। এ ফুল তৈরি করা যাবে কাগজ, কাপড়, প্লাস্টিক বা অন্য যে কোন সামগ্রী ব্যবহার করে। দলগতভাবেও বিজয় ফুল প্রতিযোগিতায় (সর্বোচ্চ ৬ জন শিক্ষার্থী) অংশগ্রহণ করতে পারবে। মুক্তিযুদ্ধকে উপজীব্য করে রচিত গল্প ও কবিতা, চিত্রকর্ম আগামী ২৬/১০/২০১৯ তারিখে এবং মুক্তিযুদ্ধভিত্তিক সৃষ্টিশীল মৌলিক চলচ্চিত্র আগামী ২৮/১০/২০১৯ তারিখের মধ্যে ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব গোপী নাথ দত্ত-এর নিকট জমা দিতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ- ০১৭১৬৯৬২৮৩৭

একাদশ ও দ্বাদশ শ্রেণির সৃষ্টিশীল সকল শিক্ষার্থীকে জাতীয় পর্যায়ের এ প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য বিশেষভাবে বলা হলো। বিজয়ীদের জন্য রয়েছে বিশেষ পুরস্কার।

  
অধ্যক্ষ ২২/১০/১৯

কুমুদিনী সরকারি কলেজ  
টাঙ্গাইল